

শরীরী হিল্লোলে দর্শক মাত, দর্শনাকে সত্যি নায়িকা ভাবা হয় না? -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৪৪ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ২৭ নভেম্বর ২০২৫ ইং ঃ ১২ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ৫ জমা ,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


# মেহেরপুরে ১০ কোটি টাকার শোধনাগার ২ বছর ধরে অচল

## দুর্গন্ধময় পানি-কেঁচোয় অতিষ্ঠ ১ লাখ মানুষ

নিজস্ব প্রতিবেদক



প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে নির্মিত মেহেরপুর পৌরসভার ভূগর্ভস্থ পানি শোধনাগার নির্মাণ শেষ হওয়ার দুই বছর পার হলেও এখনো চালু হয়নি। ফলে পৌর এলাকার ১ লাখ মানুষ দীর্ঘদিন ধরে দুর্গন্ধময়, ময়লা ও কেঁচোযুক্ত পানি ব্যবহার করতে বাধ্য হচ্ছেন। পানির এ নাজুক পরিস্থিতি ঘরে ঘরে চর্মরোগ ও পেটের অসুখ বাড়িয়ে দিয়েছে। পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের পশুহাটের পাশে ২০১৫ সালের জানুয়ারিতে পানি শোধনাগারের নির্মাণ কাজ শুরু হয়। দীর্ঘ সময় ধরে কাজ শেষে ২০২২ সালের এপ্রিল মাসে তা সম্পন্ন হয়। দুই বছরের ট্রায়াল শেষে ২০২৪ সালের নভেম্বর মাসে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এটি পৌরসভার কাছে হস্তান্তর করে। কিন্তু প্রায় ১০ মাস পার হলেও শোধনাগারটি চালু হয়নি। ব্যবহার না হওয়ায় ট্যাংক, পাইপলাইন, জেনারেটরসহ বৈদ্যুতিক যন্ত্রাংশ নষ্ট হয়ে যাচ্ছে। পৌর এলাকার মানুষ জানান, তারা প্রতিদিনই নোংরা ও দুর্গন্ধময় পানি পাচ্ছেন। পানির সঙ্গে কেঁচো, ময়লা ও কাদা মেশানো অবস্থায় আসে। অনেকেই বাধ্য হয়ে দূর থেকে ফিল্টার করা পানি এনে পান করছেন।

কলেজপাড়ার খাদিজা আক্তার বলেন, "পানির লাইনে কেঁচো বের হয়। দুর্গন্ধ তো নিত্যসঙ্গী। এভাবে আর কতদিন চলবে?" রেশমি খাতুন বলেন, " পৌর পানি সরবরহ লাইনে এখন ভালো পানি পাই না। তাই ডিপিএইচইয়ের ফিল্টার করা পানি কিনে খেতে হয়।" ৯ নম্বর ওয়ার্ডের রহমতুল্লাহ বলেন, "এই নোংরা পানি ব্যবহার করে চর্মরোগ, পেটের অসুখ বেড়ে গেছে। বাধ্য হয়ে আমরা এটিই ব্যবহার করছি। কোটি টাকার শোধনাগারটি অবহেলায় নষ্ট হয়ে যাচ্ছে।" মেহেরপুর পৌরসভার প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল বলেন, "শোধনাগার চালানোর মতো প্রশিক্ষিত জনবল নেই। এছাড়া যান্ত্রিক ত্রুটিও রয়েছে। পাইপলাইন ব্লক হয়ে গেছে, কোথাও লিকেজ,

২-এর পৃষ্ঠা দেখুন





# মেহেরপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রদর্শনী উদযাপিত

নিজস্ব প্রতিবেদক



"দেশীয় জাত, আধুনিক প্রযুক্তি: প্রাণিসম্পদে হবে উন্নতি" প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুর, মুজিবনগর ও গাংনীতে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনী উদযাপিত হয়েছে। মেহেরপুর : বুধবার সকাল সাড়ে ১০টায় জেলা প্রাণিসম্পদ বিভাগ চত্বরে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির।জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. তোফাজ্জল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী এবং সদর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা প্রাণিসম্পদ অফিসার (ভারপ্রাপ্ত) ডা. নাজমুল হাসান শাওন। উদ্বোধনের আগে একটি বর্ণাঢ্য র‍্যালি জেলা প্রাণিসম্পদ বিভাগ চত্বর প্রদক্ষিণ করে। পরে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির প্রদর্শনীতে অংশগ্রহণকারী বিভিন্ন খামারি ও স্টল পরিদর্শন করেন। প্রদর্শনীতে গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগি, কবুতরসহ বিভিন্ন জাতের প্রাণী প্রদর্শন করা হয়। বক্তারা বলেন, মেহেরপুর জেলা প্রাণিসম্পদ সম্ভাবনায় সমৃদ্ধ একটি অঞ্চল। স্থানীয় চাহিদা পূরণের পাশাপাশি দেশের বাজারেও মেহেরপুরের

২-এর পৃষ্ঠা দেখুন



## প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার : দুই দিনের সফরে আজ মেহেরপুরে আসছেন

নিজস্ব প্রতিবেদক

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐক্যমত) মনির হায়দার দুই দিনের সফরে আজ বৃহস্পতিবার মেহেরপুরে আসছেন। সফরকালে তিনি জেলার বিভিন্ন

২-এর পৃষ্ঠা দেখুন



## মানবতার উজ্জ্বল উদাহরণ: আহত যুবককে নিয়ে হাসপাতালে ইউএনও

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের কাথুলী সড়কে গতকাল বুধবার দুপুরে মোটরসাইকেল দুর্ঘটনায় গুরুতর আহত জাহিদ আলী রাস্তায় পড়ে ছিলেন, কিন্তু কেউ এগিয়ে আসেননি। এ পথ দিয়ে গুরুত্ব পূর্ণ দপ্তরিক কাজে নির্বাহী

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে দু'টি মর্মান্তিক মৃত্যু: শিশু ও কিশোরের প্রাণহানি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে দু'টি পৃথক দুর্ঘটনায় দুটি প্রাণহানি ঘটেছে। ধানখোলা ও সাহেবনগর এলাকায় পৃথক দুর্ঘটনায় ৩ বছর বয়সী আইমান আলী ও ১৭ বছরের রানা আহমেদ নিহত হয়েছে। গতকাল বুধবার সকালে উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামে তিন বছর বয়সী শিশু আইমান আলী পুকুরের পানিতে ডুবে মারা যান। নিহত আইমান গ্রামের মোঃ বশির মীরের ছেলে। ধানখোলা ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য রেজাউল ইসলাম জানান,

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে রকেট অফিস থেকে ২৫ লাখ টাকা নিয়ে ডিএসআর পালাল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের স্টেডিয়ামপাড়া এলাকায় ডাচবাংলা মোবাইল ব্যাংকিং রকেট অফিস থেকে ২৫ লাখ টাকার হিসাব নিয়ে এক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জেলা বিএনপির আলোচনা সভা ও দোয়া মাহফিল

নিজস্ব প্রতিবেদক

বিএনপ্গির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান করেছে মেহেরপুর বিএনপি। বুধবার বিকেলে ডক্টর শহীদ শামসুদ্দোহা পার্কে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ৭ বোতল ফেনসিডিলসহ মাইক্রো চালক আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ৭ বোতল ফেনসিডিলসহ মোঃ রাজন হোসেন (৩৪) নামে এক মাইক্রো চালককে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজে বার্ষিক দোয়া মাহফিল অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজে গতকাল বুধবার সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদায় বার্ষিক দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে প্রতিষ্ঠানের প্রয়াত শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের রুহের মাগফিরাত কামনা করা হয়। পাশাপাশি দেশ, জাতি ও সমগ্র মুসলিম উম্মাহর কল্যাণ কামনাও করা হয় দোয়া মাহফিলে। বিদ্যালয়ের অধ্যক্ষ রেহেনা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

২-এর পৃষ্ঠা দেখুন




## নার্সিং অধিদপ্তর বিলুপ্তির প্রতিবাদে গাংনীতে নার্সদের অবস্থান ধর্মঘট

নিজস্ব প্রতিবেদক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে বিলুপ্ত করে ভিন্ন অধিদপ্তরে একীভূত করার প্রস্তাবের প্রতিবাদসহ আট দফা দাবিতে অবস্থান কর্মসূচি ও দুই ঘণ্টার কর্মবিরতি পালন করেছে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফরা। বুধবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বাংলাদেশ নার্সেস অ্যাসোসিয়েশন (বিএনএ) গাংনী উপজেলা শাখার উদ্যোগে উপজেলা স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ কর্মকর্তা কার্যালয়ের সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অবস্থান ধর্মঘটে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরের কৃতি সন্তান মো. মিল্টন হোসেন জেলা ও দায়রা জজে পদোন্নতি

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের কৃতি সন্তান মো. মিল্টন হোসেন আজ অতিরিক্ত জেলা ও দায়রা জজ (গ্রেড-২) হিসেবে পদোন্নতি লাভ করেছেন। দেশের জুডিসিয়াল সার্ভিসের ২৫০ জন বিচারকের মধ্যে তিনি এ সাফল্য অর্জন করেছেন। আইন মন্ত্রণালয় গতকাল বুধবার প্রজ্ঞাপন জারি করে পদোন্নতি ও নতুন কর্মস্থল ঘোষণা করেছে। মো. মিল্টন হোসেন বরিশালে অতিরিক্ত মহানগর দায়রা জজ হিসেবে দায়িত্ব নেবেন। দীর্ঘদিন ধরে বিচার ক্ষেত্রে দক্ষতা, সততা ও ন্যায্য আচরণের মাধ্যমে পরিচিত তিনি স্থানীয় মানুষ এবং সহকর্মীদের মধ্যে সমাদৃত। তার এই সাফল্য মেহেরপুরবাসীর জন্য গর্বের বিষয় হয়ে দাঁড়িয়েছে এবং যুব আইনজীবী ও শিক্ষার্থীদের জন্য প্রেরণার উৎস হিসেবে দেখা হচ্ছে।

## মেহেরপুরের নতুন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর জেলার নতুন পুলিশ সুপার হিসেবে নিয়োগ পেয়েছেন উজ্জ্বল কুমার রায়। বুধবার (২৬ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব মো. মাহবুবুর রহমানের স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এই নিয়োগের কথা জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, উজ্জ্বল কুমার রায় এর আগে ঝালকাঠি জেলার পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালন করছিলেন। দক্ষতা ও

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক


অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর ঃ ( গাংনীতে বিএনপির বড় ভাঙ্গন)

মেহেরপুরে মানিনা মানবোনা
চলছে একটি ধারা
পেল একজন ধানের শীষ
তোরা আবার কারা।
বলছিস তোরা ধানের শীষ
শুনছি একই সুর
তোদের দেখে হচ্ছে মনে
আছিস অনেক দূর।
কেউ বলছে ২২ কিলো
লোক দেখো কত
কেউ বলছে ৩৬ কিলো
কুষ্টিয়ায় ঠেকে যেত।
এইভাবে চলতে থাকলে
আমজনতা হাসে
ভোটের সময় ঘনিয়ে আসলে
লোক পাবিনা সাথে।







সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ১২ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২৭ নভেম্বর ২০২৫ইং

## শেখ হাসিনার নামে পূবালী ব্যাংকের লকারে মিলল শুধু একটি পাটের ব্যাগ

সূর্যোদয় প্রতিবেদন

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নামে খুলে রাখা পূবালী ব্যাংকের মতিঝিল কর্পোরেট শাখার একটি লকারে পাওয়া গেছে কেবল একটি ছোট পাটের ব্যাগ। অন্যদিকে অগ্রণী ব্যাংকের প্রিন্সিপাল শাখায় তাঁর নামে থাকা দুটি লকার থেকে মোট ৮৩১ দশমিক ৬৭ ভরি (৯৭০৭ দশমিক ১৬ গ্রাম) স্বর্ণালঙ্কার উদ্ধার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গত মঙ্গলবার দুদকের উপপরিচালক মো. মাসুদুর রহমানের তত্ত্বাবধানে একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট ব্যাংক কর্মকর্তাদের উপস্থিতিতে তিনটি লকার একযোগে খোলা হয়। পরে

৩-এর পৃষ্ঠা দেখুন

# এনসিপিসহ পাঁচ দলের নতুন জোট গঠনের উদ্যোগ

সূর্যোদয় প্রতিবেদন

এনসিপি, এবি পার্টি, রাষ্ট্র সংস্কার আন্দোলনসহ পাঁচটি রাজনৈতিক দল মিলে একটি নতুন নির্বাচনী জোট গঠনের উদ্যোগ নিয়েছে। আগামী কয়েক দিনের মধ্যেই জোটটির আত্মপ্রকাশ হতে পারে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট নেতারা। জোটে বিএনপির মিত্র গণঅধিকার পরিষদ যুক্ত হবে কি না-তা নিয়ে এখনো অনিশ্চয়তা রয়েছে। জোটের উদ্যোক্তারা জানিয়েছেন, চারটি দল নিশ্চিত হলেও গণঅধিকার পরিষদকে নিয়ে মতবিরোধের কারণে চূড়ান্ত সিদ্ধান্ত স্থগিত রয়েছে। সম্ভাব্য এই জোটে 'আপ বাংলাদেশ'-ও থাকতে পারে। ইসলামী ছাত্রশিবিরের সাবেক নেতাদের সংগঠন জাতীয় নাগরিক কমিটি থেকে বেরিয়ে তারা 'আপ বাংলাদেশ' গঠন করেছিলেন। ২০২২ সাল থেকে বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলনে রয়েছে নুরুল হক নুর নেতৃত্বাধীন গণঅধিকার পরিষদ। দলীয় সূত্র জানায়, আসন্ন নির্বাচনে বিএনপির কাছে অন্তত চারটি আসন দাবি করা হলেও এখন পর্যন্ত দু'টি আসন চূড়ান্ত হয়েছে। পটুয়াখালী-৩ আসনে গোলযোগও সৃষ্টি হয়েছে–বিএনপি নেতা হাসান মামুন একই আসনে প্রার্থী হতে আগ্রহী। তাঁর সমর্থকদের হামলায় নুরের সমর্থকরা আহতও হয়েছেন। মনোনয়ন না পেলে স্বতন্ত্রভাবে প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছেন হাসান মামুন। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খানকে ঝিনাইদহ-২ আসন ছেড়ে দিচ্ছে বিএনপি। সেখানে বিদ্রোহী প্রার্থী নেই। এ কারণে রাশেদ বিএনপির জোট ছাড়ার বিষয়ে অনিচ্ছুক। ফলে নতুন জোটে গণঅধিকারের অন্তর্ভুক্তি অনিশ্চিত হয়ে উঠেছে। রাশেদ খান বলেন, "গণঅধিকার ও এনসিপির একীভূত হওয়ার আলোচনা আগেই শেষ হয়েছে। এখন জোট গঠনের আলোচনা চলছে–তবে জোট হবেই তা বলা যাচ্ছে না। আমরা ২০২২ সাল থেকে বিএনপির

৩-এর পৃষ্ঠা দেখুন


## ডিসেম্বরে ঢাকা-করাচি সরাসরি ফ্লাইট চালু, সপ্তাহে চলবে তিনটি

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে সরাসরি আকাশ যোগাযোগ আবারও শুরু হতে যাচ্ছে। আগামী ডিসেম্বর থেকে ঢাকাকরাচি রুটে নিয়মিত ফ্লাইট চালু করবে মাহান এয়ার। সপ্তাহে তিনটি ফ্লাইট পরিচালনার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন পাকিস্তানে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার ইকবাল হুসাইন খান। বুধবার পাকিস্তানের গণমাধ্যম এক্সপ্রেস ট্রিবিউন জানায়, লাহোর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এলসিসিআই) আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় হাইকমিশনার এই ঘোষণা দেন। তিনি বলেন, ব্যবসায়িক

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## শীতের পোশাকগুলো ব্যবহারের আগে

সূর্যোদয় ডেস্ক

শহর থেকে একটু দূরেই যাঁদের বসবাস, তাঁরা এরই মধ্যেয় হালকা শীতের কাপড় নামিয়ে ফেলেছেন। দীর্ঘদিন বাক্সবন্দী সোয়েটার, জ্যাকেট, উলের মোজা, টুপি, চাদর, কার্ডিগান বের করে সঙ্গে সঙ্গেই তো আর গায়ে তোলা যায় না। এগুলো ব্যবহার করার আগে কয়েক দিন ভালোভাবে কড়া রোদে এপাশ-ওপাশ শুকিয়ে তারপরই পরতে হবে। যেসব কাপড়ে আবার ধুলার গন্ধ থাকে, সেগুলো ধুয়ে ব্যবহার করাই ভালো।

শীতের পোশাকগুলো পরার আগে যা করতে হবে:

সোয়েটার পরার আগে ধুয়ে পরাই ভালো। ঠান্ডা পানিতে পরিমাণমতো শ্যাম্পু ও ভিনেগার মিশিয়ে আলতো করে সোয়েটার ধোয়া উচিত। এটি কখনোই ওয়াশিং মেশিনে ধোবেন না। তাতে এর বুনন নষ্ট হয়ে যায়। ধোয়ার পর হালকা করে পানি নিংড়ে তারপর রোদে শুকিয়ে নিন। হালকা শীতে ফ্লানেলের শার্ট, ব্লাউজ, স্কার্ট আরামদায়ক। এসব কাপড় দীর্ঘদিন ভালো রাখতে শ্যাম্পু দিয়ে ধুয়ে নিতে পারেন। বেশি ময়লা হলে হালকা গরম পানিতে শ্যাম্পু মিশিয়ে কিছুক্ষণ ভিজিয়ে রাখুন। পরে হালকা করে কেচে ধুয়ে নিন। কাপড় উল্টিয়ে রোদে শুকাতে দিন। এতে রং নষ্ট হবে না। চাদর

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে গাঁজাসহ দুই যুবক আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) গাঁজাসহ দুই যুবককে আটক করেছে। মঙ্গলবার রাতে পৌর শহরের রাজা ক্লিনিক এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। আটক ব্যক্তিরা হলেন চিতলা গ্রামের নাসিম (১৯) এবং রাশেদুল ইসলাম (২৩)। র‍্যাব-১২-এর কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। তাদের কাছ থেকে ১ কেজি গাঁজা, দুটি মোবাইল ফোন, তিনটি সিমকার্ড এবং একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। আটকদ্বয়কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। মঙ্গলবারই আদালতে হাজির করা হয়েছে তাদের।

## বড়পুকুরিয়া কয়লাখনির ভূগর্ভে আগুন–এক সপ্তাহেও নিভেনি

সূর্যোদয় প্রতিবেদন

দেশের একমাত্র উৎপাদনশীল দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাখনির ভূগর্ভে এক সপ্তাহ ধরে জ্বলছে আগুন। খনি কর্তৃপক্ষ আগুন নিয়ন্ত্রণে কাজ চালালেও এখনো পুরোপুরি নেভানো সম্ভব হয়নি। ঘটনায় ভূগর্ভস্থ শ্রমিকদের মধ্যে আতঙ্ক বাড়ছে। খনি সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০১৮ সালে আগুন লাগায় খনির একটি ফেইস সিল করে দেওয়া হয়েছিল। সেই সিল করা এলাকাটির ৫ নম্বর সুরঙ্গে ১৯ নভেম্বর আবারও আগুনের সূত্রপাত হয়। চায়না ঠিকাদারি প্রতিষ্ঠানের কর্মীরা আগুন নিয়ন্ত্রণে কাজ করছেন। সরাসরি উৎপাদন এলাকায় আগুন না লাগায় ক্ষয়ক্ষতি তেমন দেখা না গেলেও শ্রমিকদের ঝুঁকি ব্যাপক বলে জানান সংশ্লিষ্টরা। সূত্রটি আরও জানায়, ভূগর্ভে মিথেন গ্যাসের আধিক্যের কারণেই আগুনের সৃষ্টি হয়েছে। ভূগর্ভস্থ

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে শীত নিবারণে মানবিক উদ্যোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে শীতের তীব্রতা বাড়ার সঙ্গে সঙ্গে অসহায় ও ছিন্নমূল মানুষদের কষ্টও বেড়েছে। সেই কষ্ট লাঘবে জেলা প্রশাসন নেমেছে মাঠে। রাতের অন্ধকারে ছিন্নমূল মানুষের খোঁজে গিয়ে তাদের গায়ে উষ্ণতা জড়িয়ে দিচ্ছেন কর্মকর্তারা। গত মঙ্গলবার (২৫ নভেম্বর)) গভীর রাতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম এবং উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম নিজ হাতে শীতার্তদের বাড়ি বাড়ি গিয়ে কম্বল বিতরণ করেন। কেউ কেউ বাড়ির দরজা খুলে প্রশাসনের পরিচয় জানার পর প্রথমে আতঙ্কে থাকলেও পরে একটি উষ্ণ হাসি দিয়ে আনন্দ প্রকাশ করেন। উপজেলা নির্বাহী

৩-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় অজ্ঞত ব্যক্তির মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক


কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার ধরমপুর ইউনিয়নের রামচন্দ্রপুর বিলপাড়ার ধানের মাঠ থেকে মুখ পুড়িয়ে বিকৃত করা এক অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার সকাল ৯টার দিকে স্থানীয়দের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে। স্থানীয়রা জানায়, সকালে বিলের মাঠে ধান কাটতে গিয়ে অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেওয়া হয়। ওই ব্যক্তির মুখ আগুনে পোড়ানো হয়েছে। পরে পুলিশ এসে মরদেহটি উদ্ধার করে নিয়ে যায়। ভেড়ামারা থানার ওসি আব্দুর রব তালুকদার বলেন, 'হত্যার কারণ উদঘাটন এবং সংশ্লিষ্টদের চিহ্নিত করতে তদন্ত চলছে। এখনো নিহতের পরিচয় নিশ্চিত হওয়া যায়নি। মরদেহটি ময়না তদন্তের জন্য কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।'




## চুয়াডাঙ্গায় ইট প্রস্তুতকারী মালিক সমিতির মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গায় নতুন ও কালো আইন্-এর প্রতিবাদে বাংলাদেশ ইট প্রস্তুতকারী মালিক সমিতি জেলা শাখার উদ্যোগে আজ বিকেলে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে ৭০-৮০ জন সদস্য অংশগ্রহণ করেন। সমিতির নেতৃবৃন্দ সাত দফা দাবিসহ স্মারকলিপি জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করেন। প্রধান দাবি: জিগজাগ ইটভাটার লাইসেন্স সহজতর করা, হয়রানি বন্ধ, ক্ষতিপূরণ প্রদানের বিধান চালু, ইটভাটাকে শিল্প হিসেবে ঘোষণা এবং দীর্ঘমেয়াদী নীতিমালা প্রণয়ন। সমিতির হুঁশিয়ারি, দাবি না মানা হলে ঈদের পর ঢাকায় মহাসমাবেশ ও পদযাত্রা কর্মসূচি হবে।



## বিমানবন্দরে যাত্রী আটক নিয়ে ভারতচীনের নতুন কূটনৈতিক উত্তেজনা

সূর্যোদয় প্রতিবেদন

চীনের একটি আন্তর্জাতিক বিমানবন্দরে ভারতীয় পাসপোর্টধারী এক যাত্রীকে দীর্ঘসময় আটকে রাখাকে কেন্দ্র করে বেইজিং ও নয়াদিল্লির মধ্যে নতুন করে কূটনৈতিক উত্তেজনা সৃষ্টি হয়েছে। অরুণাচল প্রদেশকে কেন্দ্র করে দুই দেশের দীর্ঘদিনের ভূখণ্ড বিরোধ আবারও

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিশ্বের দ্বিতীয় বৃহত্তম শহরের তালিকায় ঢাকা

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বের জনবহুল শহরের তালিকায় বড়সড় উত্থান ঘটিয়েছে ঢাকা। জাতিসংঘের নতুন মূল্যায়নে বাংলাদেশের রাজধানী এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম শহর। এর আগে ২০০৯ সালে তালিকায় ঢাকার অবস্থান ছিল নবম। কাতারভিত্তিক গণমাধ্যম আল জাজিরা বুধবার জাতিসংঘের

৩-এর পৃষ্ঠা দেখুন



## পুতিনের সঙ্গে বৈঠকে রাশিয়া যাচ্ছেন ট্রাম্পের বিশেষ দূত

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেন যুদ্ধবিরতি উদ্যোগ সামনে রেখে আগামী সপ্তাহে রাশিয়া সফরে যাচ্ছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ। সফরকালে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে তাঁর বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে বলে বুধবার নিশ্চিত করেছেন পুতিনের

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## রাতে ওয়াই-ফাই বন্ধ রাখা–বাস্তবেই কি উপকারী?

সূর্যোদয় প্রতিবেদন

আজকের ডিজিটাল জীবনে ইন্টারনেট ছাড়া চলা প্রায় অসম্ভব। ঘুমানোর সময় পর্যন্ত আমাদের বাড়িতে ওয়াই-ফাই রাউটার সচল থাকে। তবে সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্ন উঠেছে–রাতে রাউটার বন্ধ রাখা কি সত্যিই ঘুমের মান উন্নত করে?



ভারতীয় দৈনিক ইন্ডিয়ান এক্সপ্রেস এই বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসকদের মতামত তুলে ধরেছে। হায়দরাবাদের গ্লেনিগলস হাসপাতালের ডাক্তার হিরণ রেড্ডি বলেন, ওয়াই-ফাই রাউটারের রেডিয়েশন অত্যন্ত কম মাত্রার এবং তা মানবদেহের জন্য ক্ষতিকর নয়। মাত্র কয়েক দিন রাতে রাউটার বন্ধ রাখলেই শরীরে বড় পরিবর্তন আসে–এমন বৈজ্ঞানিক প্রমাণও নেই। তিনি আরও জানান, কেউ কেউ নিজেদেরকে রেডিও-তরঙ্গে বেশি সংবেদনশীল বলে মনে করেন; তাদের ক্ষেত্রে মাথাব্যথা বা ঘুমের সমস্যায় সামান্য উপশম

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)

কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান

এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।

রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।

রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদিরুউল বাশার

এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা

এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবস্ এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)

রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ২৭ নভেম্বর ২০২৫ ইং

## মনোনয়ন নিয়ে গাংনী বিএনপিতে বড় ভাঙন অস্থিরতায় দিশেহারা নেতা-কর্মীরা

মেহেরপুরের গাংনীতে বিএনপির যে মনোনয়ন সংকট মাথাচাড়া দিয়ে উঠেছে, তা এখন পুরো উপজেলা রাজনীতিতে অস্থিরতার ঝড় তুলেছে। মনোনয়ন ঘোষণার পরপরই যে উষ্মা, টানাপোড়েন ও প্রকাশ্য বিভক্তির চিত্র দেখা যাচ্ছে–তা দীর্ঘদিনের সংগঠনগত দুর্বলতার নগ্ন প্রমাণ। মাঠের নেতা-কর্মীরা বলছেন, সাম্প্রতিক সময়ে এমন উত্তেজনা আর দেখা যায়নি। মনোনয়ন প্রকাশের পরই গাংনী বিএনপি যেন দুই শিবিরে ভাগ হয়ে যায়। একদিকে জাভেদ মাসুদ মিল্টনপন্থী-রা–যাদের অভিযোগ, মনোনীত প্রার্থী আমজাদ হোসেন দীর্ঘদিন মাঠে ছিলেন না। অন্যদিকে আমজাদের সমর্থকরা বলছেন–চেয়ারপারসনের সিদ্ধান্তের বিরুদ্ধে বিক্ষোভ দলের প্রতি অশ্রদ্ধা ও ষড়যন্ত্রের ইঙ্গিত। দুই পক্ষের পাল্টাপাল্টি অভিযোগে পুরো উপজেলা বিএনপি এখন কার্যত দ্বিধাভাজন। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে, শহরের কেন্দ্রে রাতের আঁধারে আকস্মিক মিছিল বের হয়। তরুণ কর্মীদের স্লোগান– "মেঘলা রাতে চোরাবালির মনোনয়ন চলবে না!"–যা মুহূর্তেই উত্তেজনা ছড়িয়ে দেয় এলাকায়। কেন্দ্রীয় নেতারা এসবকে উসকানিমূলক বললেও মাঠের কর্মীরা মানতে নারাজ। ইউনিয়ন থেকে উপজেলা–দলীয় কার্যালয় থেকে চায়ের দোকানের আড্ডা–সবখানেই এখন তর্ক-বিতর্ক, ক্ষোভ আর সন্দেহের দোলা। আইনশৃঙ্খলা পরিস্থিতিও নাজুক। কয়েকশ কর্মী জড়ো হলেই পুলিশ অবস্থান নেয়। আইনশৃঙ্খলা বাহিনীর বক্তব্য–অনুমতি ছাড়া কোনো কর্মসূচি হলে ব্যবস্থা নেওয়া হবে। বিএনপি নেতারা বলছেন–গণতান্ত্রিক প্রতিবাদ ঠেকাতেই পুলিশ মাঠে নামছে। দুই পক্ষের এই টানাপোড়েনে তৃণমূলে দেখা দিয়েছে ভয়, বিভ্রান্তি আর গভীর অনিশ্চয়তা। তৃণমূলের সাধারণ কর্মীদের প্রশ্ন–"নেতৃত্বই যখন দুই ভাগে, আন্দোলন কোন পথে যাবে?" তাদের অভিযোগ–মনোনীত প্রার্থী এতদিন মাঠে চোখে পড়েননি; অন্যদিকে বঞ্চিত প্রার্থী ছিলেন কর্মীবান্ধব। দুই পক্ষের সমর্থন এখন দুই মেরুতে ঠেকেছে, বিশেষ করে তরুণদের হতাশা ভয়াবহভাবে বাড়ছে। স্থানীয় রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই ভাঙন যদি দ্রুত থামানো না যায়, তবে বিএনপির জন্য গাংনী হয়ে উঠতে পারে বড় রাজনৈতিক ক্ষতির ক্ষেত্র। আন্দোলন তো দূরের কথা–সংগঠনের স্বাভাবিক কর্মকাণ্ডই হুমকির মুখে পড়তে পারে। কেন্দ্রের প্রতি অভিযোগও কম নয়–তারা মাঠের বাস্তবতা না জেনে মনোনয়ন দিয়েছে বলেই এ সংকট তৈরি হয়েছে বলে মনে করছেন অনেকেই। কেন্দ্রীয় সূত্র জানিয়েছে–গাংনীর পরিস্থিতি নিয়ন্ত্রণে শিগগিরই বিশেষ টিম পাঠানো হতে পারে। কিন্তু ততক্ষণে অস্থিরতা আরও বাড়লে ক্ষতি হবে বিএনপিরই। মনোনয়ন নিয়ে সৃষ্টি হওয়া এই অভ্যন্তরীণ ঝড় এখনই না ঠেকানো গেলে, এর প্রভাব সরাসরি পড়বে আসন্ন জাতীয় নির্বাচনে। গাংনী বিএনপি আজ এক কথায়–অস্থির। এই সংকট দ্রুত সমাধান না হলে দলটি বড় রাজনৈতিক বিপর্যয়ের মুখোমুখি হবে–এটাই বাস্তবতা।

## মেহেরপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ
(প্রথম পৃষ্টার পর)

প্রাণিসম্পদ ইতিবাচক প্রভাব ফেলছে। খামারিদের উদ্দেশ্যে বক্তারা আরও বলেন, "আপনাদের উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। ভবিষ্যতে আরও আধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন বৃদ্ধি করে প্রাণিসম্পদ খাতকে সমৃদ্ধ করতে হবে।" উদ্বোধনের প্রতীকী মুহূর্ত হিসেবে কবুতর উড়িয়ে সপ্তাহব্যাপী প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রদর্শনীর আনুষ্ঠানিক সূচনা ঘোষণা করা হয়।এর পাশাপাশি মুজিবনগর উপজেলা ও গাংনী উপজেলাতেও পৃথকভাবে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়। মুজিবনগর : মুজিবনগরে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল প্রদর্শনী উদ্বোধন করেন এবং বিভিন্ন প্রাণী কর্নার পরিদর্শন করেন। উপজেলা প্রানীসম্পদ কর্মকর্তা ডা: মো: হারিছুল আবিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান,সমাজসেবা অফিসার মাহামুদুল হাসান,যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুর রকিব,উপজেলা এলজিইডি প্রকৌশলী মোহাম্মদ ইমদাদুল হক,মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি অফিসার জেসমিন সুলতানা, উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা সেলিম রেজা।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা প্রানীসম্পদ অফিসের ভেটেনারি সার্জন সাকিবুল ইসলাম। অনুষ্ঠানে বিভিন্ন জাতের প্রানী কর্নার নিয়ে মোট ৩০ টি স্টল অংশগ্রহন করেন। গাংনী : গাংনীতে বুধবার সকাল ১১টার দিকে উপজেলা প্রাণিসম্পদ প্রাঙ্গণে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো. আনোয়ার হোসেন প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোত্তালিব আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি), স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুক্তিযোদ্ধা কমান্ডের আহবায়ক, মহিলা ডিগ্রী কলেজ সভাপতি, প্রেসক্লাব সভাপতি সহ অন্যান্য সরকারি কর্মকর্তা এবং খামারিরা। প্রদর্শনীতে গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগি ও কবুতরসহ মোট ৩০টি স্টল প্রদর্শন করা হয় এবং শ্রেষ্ঠ খামারিদের পুরস্কৃত করা হয়। উদ্বোধনী ও র‍্যালির মধ্য দিয়ে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহে মেহেরপুরে প্রাণিসম্পদ খাতের উন্নয়নের লক্ষ্যে সজাগতা এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন বৃদ্ধির গুরুত্ব তুলে ধরা হয়েছে।

## মেহেরপুরে ১০ কোটি টাকার
(প্রথম পৃষ্টার পর)

কোথাও আবার ফেটে যাচ্ছে। তাই চাপ দিলে পানি ধরে না।"তিনি আরও বলেন, "ডিপিএইচইকে লিখিতভাবে জানিয়েছি। দ্রুত সমস্যার সমাধান করে শোধনাগার চালুর উদ্যোগ নেওয়া হবে।"

মেহেরপুর জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মোসলেহ উদ্দিন বলেন, "শোধনাগারটি আমরা পৌরসভার কাছে হস্তান্তর করেছি। রক্ষণাবেক্ষণ ও পরিচালনার দায়িত্ব এখন পৌরসভার। তবে পাইপলাইনের কিছু স্থানে মেরামতের প্রয়োজন আছে–এ কারণেই হয়তো তারা বিলম্ব করছে।" স্থানীয়দের অভিযোগ–অদক্ষতা, অব্যবস্থাপনা ও নজরদারির অভাবে কোটি টাকার সরকারি স্থাপনা এখন মেহেরপুর পৌরসভার 'বোঝা' হয়ে দাঁড়িয়েছে। অন্যদিকে পরিষ্কার পানির অভাবে জনদুর্ভোগ চরমে উঠলেও কার্যকর উদ্যোগ নেই কোনো পক্ষেরই।

## প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার
(প্রথম পৃষ্টার পর)

কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে অংশ নেবেন। সফরের প্রথম দিন বৃহস্পতিবার তিনি মেহেরপুর সরকারি কলেজের আয়োজিত নবীনবরণ ও বিদায় বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকেল সাড়ে তিনটায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কুঠিতে একটি বৈঠকে তিনি প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন। পরদিন শুক্রবার সকাল ৯টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সারের ব্যবহার ও বিপণন সম্পর্কিত অংশীজনদের সঙ্গে মতবিনিময় করবেন। সকল কর্মসূচি শেষে শুক্রবার দুপুরে মনির হায়দার ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

## মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড
(প্রথম পৃষ্টার পর)

ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী শিক্ষক সেলিনা আফরোজা, নাজমা আক্তার, ফাতেমা খাতুন, শাহানা আক্তার, খন্দকার বদরুদ্দোজা, রওশন আরা, শাহিনা আফরোজা, বিথী খাতুনসহ প্রতিষ্ঠানটির অন্যান্য শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীরা। দোয়া মাহফিল শেষে উপস্থিত সবার মাঝে তবারক বিতরণ করা হয়।

## মানবতার উজ্জ্বল উদাহরণ
(প্রথম পৃষ্টার পর)

অফিসার মোঃ খায়রুল ইসলাম যাচ্ছিলেন।এসময় তেল পাম্পের কাছে পৌঁছে, এক যুবককে রক্তাক্ত অবস্থা পড়ে থাকতে দেখে গাড়ি থামান। তার পর নিজ উদ্যোগে জাহিদকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যান। তিনি শুধু তাৎক্ষণিক চিকিৎসার ব্যবস্থাই করেননি, নিজের খরচে ওষুধ ও আর্থিক সহায়তাও প্রদান করেন। মোঃ খায়রুল ইসলামের মানবিক উদ্যোগ প্রমাণ করে–একজন মানুষের তৎপরতা আর সহমর্মিতা কখনও ছোট নয়। জাহিদ আলী, তেরোঘরিয়া গ্রামের স্বপন আলীর ছেলে, মোটরসাইকেল চালিয়ে বাড়ি ফেরার পথে একটি ইজিবাইকের ধাক্কায় ছিটকে পড়েন।

মাহবুবুল হক পোলেন

# মেহেরপুর: বইহীন, অন্ধ সমাজ



মেহেরপুর–মুক্তিযুদ্ধের প্রথম অস্থায়ী সরকারের শপথভূমি, এক সময়ের সাহিত্য-সংস্কৃতির উর্বর ক্ষেত্র। সেই মেহেরপুরেই আজ বই যেন নির্বাসিত। হাতে স্মার্টফোন, চোখে নীল আলো, মাথায় তুচ্ছ আনন্দ–কিন্তু বইয়ের ঘ্রাণ নেই, নেই শব্দের জগতে ডুবে থাকার উন্মাদনা। ফলে সমাজটি দাঁড়িয়ে আছে খোলা চোখে অন্ধ হয়ে; আলো আছে, কিন্তু দেখার দৃষ্টি নেই। কিন্তু মেহেরপুরে মানুষ একসময় রবি ঠাকুর থেকে শরৎচন্দ্র, হুমায়ূন থেকে সমকালীন সাহিত্য–সবই গিলে খেত। এখন বইয়ের নাম জিজ্ঞেস করলে উত্তর আসে: "সময় কোথায়?" মেহেরপুরে নতুন বই পড়া যেন বিলাসিতা, আর বই কিনে পড়া–তারচেয়েও দু:সাহসিক কাজ। জেলা শহরের লাইব্রেরিগুলো যেন ধ্বংসাবশেষ–চেয়ার-টেবিল আছে, পাঠক নেই। স্কুল-কলেজে পাঠাগার আছে নামমাত্র; ধুলো জমে থাকে, কিন্তু বই খোলে না। যে বয়সে বই হাতে নিয়ে স্বপ্ন জাগার কথা, সে বয়সে শিশুরা হারিয়ে যাচ্ছে স্ক্রিনের রঙিন গোলকধাঁধায়। বইয়ের দোকানগুলো টিকে আছে শুধু নোটবুক আর কোচিং গাইডের ভরসায়। নতুন বই কিনে পড়া যেন এখনকার তরুণদের কাছে অপ্রয়োজনীয় বিলাসিতা, যেন বই মূল্যহীন–এ ভাবনাই সবচেয়ে বড় দুঃসংবাদ। কিন্তু বইহীন সমাজ মানে অচিন্তনশীল সমাজ। পাঠ না থাকলে যুক্তি জন্মায় না; যুক্তিহীন সমাজ সহজেই ভ্রান্তি, গুজব, বিভাজন আর উগ্রতার খাদে পড়ে। বইয়ের আলো মানুষকে মানুষ করে, নাগরিক করে, সচেতন করে। আর বইবিমুখ সমাজ সময়ের স্রোতে ভাসে–কিন্তু দিক হারায়। বইহীন সমাজ মানে প্রশ্নহীন সমাজ, যুক্তিহীন সমাজ। আর প্রশ্নহীন সমাজেই ভ্রান্তি সবচেয়ে সহজে জেঁকে বসে। বই মানুষকে অন্ধকার থেকে আলোয় তোলে; কিন্তু বইহীন মেহেরপুর যেন নিজের অন্ধকারকেই স্বাভাবিক বলে মেনে নিয়েছে। মেহেরপুর কি তবে এমনই একটি সমাজে পরিণত হবে? নাকি আবার জ্বলে উঠবে পাঠের প্রদীপ? মেহেরপুরের মানুষ যদি বইকে আবার হাতের কাছে, হৃদয়ের কাছে ফিরিয়ে আনতে পারে–তবে অন্ধকার কাটবে, দৃষ্টি ফিরে আসবে। বইয়ের আলোয় মেহেরপুর আবার জেগে উঠতে পারে–যদি চাই, যদি উদ্যোগ নিই, যদি পাঠের আগুন আবার জ্বালাতে পারি আমরা। মেহেরপুরের মানুষ চাইলে আবারও বইকে হাতের কাছে ফিরিয়ে আনতে পারে। বই ফিরলে আলো ফিরবে, আলো ফিরলে বোধ জাগবে। ( ভারপ্রাপ্ত সম্পাদক, আমাদের সূর্যোদয়)

# কঠিন কাজ সহজ হবে যে দোয়ায়

সাআদ তাশফিন

মানুষ যতই শক্তিশালী হোক না কেন, জীবনের কোনো একটি জায়গায় গিয়ে সে বুঝতে পারে– তার সামর্থ্য সীমিত, আর আল্লাহর সাহায্যই প্রকৃত শক্তি। অনেক সময় কাজ এত কঠিন হয়ে ওঠে যে, মন ভেঙে যেতে চায়, চিন্তা ভারি হয়ে যায়, আর শক্তি কমে আসে। তখন একজন মুমিনের সবচেয়ে বড় অবলম্বন হলো দোয়া। কারণ দোয়া মানুষের দুর্বলতাকে শক্তিতে, ভয়ের জায়গাকে শান্তিতে এবং কঠিন কাজকে সহজতায় পরিণত করতে পারে। তাই কঠিন কাজকে সহজ করতে রাসুলুল্লাহ (সা.)এর শিখানো একটি দোয়া তুলে ধরা হলো– আল্লাহুম্মা, লা-সাহলা ইল্লা মা ঝা'আলতাহু সাহলান। ওয়া আনতা ইন শিয়্তা তাজআলুল হাযানা সাহলান। অর্থ: 'হে আল্লাহ! আপনি যা সহজ করেন তা ছাড়া কিছুই সহজ নয়। আর আপনি ইচ্ছা করলে সুকঠিনকে সহজ করেন।' (সহীহ ইবনু হিব্বান ৩/২৫৫, আহাদিসুল মুখতারাহ ৫/৬২, ৬৩)। দুশ্চিন্তা ও কঠিনতা সহজ করতে ছোট ছোট আরও দু'টি দোয়া পড়া যায়। তাহলো– 'হাসবুনাল্লাহু ওয়া নি'মাল ওয়াকিল।' অর্থ: 'আল্লাহ আমাদের জন্য যথেষ্ট, তিনিই সর্বোত্তম কর্মবিধায়ক।' (সুরা আল-ইমরান: আয়াত ১৭৩)। সমস্যার সময় বেশি বেশি এ দোয়া পড়া– 'রাব্বি ইয়াস্‌সির ওয়া লা তুআ'স্‌সির, ওয়া তামমিম বিলখাইরি।' অর্থ: 'হে আমার রব! সহজ করে দিন, কঠিন করবেন না; এবং সকল কাজ উত্তমভাবে সম্পন্ন করুন।' এই দোয়াগুলো যেসব সময় পড়বেন- গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার সময়, কঠিন পরীক্ষা/ইন্টারভিউর আগে, কাজের চাপ ও দুশ্চিন্তায়, কোনো সমস্যা সমাধানের চেষ্টা চললে, ভয়, অস্থিরতা বা দুর্বলতার মুহূর্তে। কঠিনতা দুনিয়ার নিয়ম, আর সহজতা আল্লাহর রহমত। যে ব্যক্তি তার সমস্যার দিকে তাকায়–ওটা বড় মনে হয়; কিন্তু যে ব্যক্তি সমস্যার চেয়ে আল্লাহর দিকে তাকায়–তার কাছে সমস্যা ছোট হয়ে যায়। দোয়া শুধু মুখের উচ্চারণ নয়, এটি একটি বিশ্বাস– আল্লাহ আছেন, তিনি শুনছেন এবং তিনিই সমস্যা সহজ করে দেবেন। আল্লাহ আমাদের সবার কঠিন কাজ সহজ করে দিন, দুশ্চিন্তাকে শান্তিতে পরিণত করুন এবং জীবনের প্রতিটি পদক্ষেপে তাঁর সাহায্য লাভের তাওফিক দিন।

## মেহেরপুরের নতুন পুলিশ সুপার
(প্রথম পৃষ্টার পর)

শৃঙ্খলার কারণে তাকে মেহেরপুর জেলায় পদায়ন করা হয়েছে। তিনি খুব শিগগিরই নতুন কর্মস্থলে যোগ দিয়ে দায়িত্ব গ্রহণ করবেন। অন্যদিকে, সদ্য বদলিকৃত মেহেরপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীকে পিরোজপুর জেলার পুলিশ সুপার হিসেবে পদায়ন করা হয়েছে। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

## নার্সিং অধিদপ্তর বিলুপ্তির প্রতিবাদে
(প্রথম পৃষ্টার পর)

অংশ নেওয়া নার্স-মিডওয়াইফরা জানান, তাদের প্রধান দাবির মধ্যে রয়েছে– স্বতন্ত্র নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরকে অন্য অধিদপ্তরে একীভূত করার অপচেষ্টা বন্ধ, জাতীয় নার্সিং কমিশন গঠন, প্রস্তাবিত নিয়োগ বিধি অর্গানোগ্রাম স্ট্যান্ডার্ড সেটআপ ও ক্যারিয়ার পাথের অনুমোদন ও বাস্তবায়ন। এ ছাড়া উচ্চতর পদে (৯ম থেকে ৪র্থ গ্রেড) ভূতাপেক্ষভাবে পদোন্নতি, সুপারনিউমেরারি পদোন্নতি কার্যকর, দ্রুত নার্সিং সুপারভাইজার ও নার্সিং ইনস্ট্রাক্টর পদ ৯ম গ্রেডে উন্নীতকরণ, ডিপ্লোমা নার্স মিডওয়াইফ সনদ স্নাতক (পাস) সমমান প্রদান এবং সকল গ্রাজুয়েট নার্সমিডওয়াইফদের জন্য প্রফেশনাল বিসিএস চালুর দাবি জানান তারা।

অবস্থান ধর্মঘটে নেতৃত্ব দেন নার্সিং সুপারভাইজার নুরুন্নাহার খাতুন ও আমেনা খাতুন। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র স্টাফ নার্স রোকেয়া খানম, রাফিজা খাতুন, শাহিনা খাতুন, সাহারা খাতুন, আসমা আক্তার, মিম্মা খাতুন, রেখসোনা খাতুন, মিডওয়াইফ জান্নাতুল ফেরদৌস, নার্গিস পারভিনসহ অন্যান্য নার্সিং কর্মকর্তারা।

## মেহেরপুরে ৭ বোতল ফেনসিডিলসহ
(প্রথম পৃষ্টার পর)

আটক রাজন হোসেন মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের রাজাপুর গ্রামের ইনছান মন্ডলের ছেলে। গতকাল মঙ্গলবার রাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ জানান, গোপন সংবাদের মাধ্যমে আমরা জানতে পারি মেহেরপুর সদর থানার রাজাপুর গ্রাম থেকে ফেন্সিডিল বহন করে আনছে। এ সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য অধিদপ্তরের একটি টিম নিয়ে রাজাপুর ক্লাবপাড়া মোড়ে অবস্থান নিয়। এসময় একটি সিলভার কালারের মাইক্রো (ঢাকা মেট্রো-চ-১২-৪৮৬০) দ্রুত গতিতে রাজাপুর ক্লাব পার হবার চেষ্টা করে। মাইক্রোটির গতি বিধি সন্দেহ জনক হওয়ায় আমরা মাইক্রোটি থামিয়ে তল্লাসি চালঅয়। এসময় মাইক্রোবাসটি তল্লাশি করে মাইক্রো চালকের পায়ের তলায় পাপসের নিচে একটি প্লাস্টিকের বাজার ব্যাগ থেকে সাত বোতল ফেনসিডিল উদ্ধার করি। পরে রাজন ও তার ব্যবহারকৃত মাইক্রোবাসটি আটক করা হয়। আসামি রাজন হোসেনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) এর ১৪(খ)ও ২৬(১) ধারায় মামলা পূর্বক মেহেরপুর সদও থানায় হস্তান্তর করা হয়েছে।

## গাংনীতে দু'টি মর্মান্তিক মৃত্যু: শিশু ও
(প্রথম পৃষ্টার পর)

সকালে আইমান বাড়ির পাশে খেলা করছিল। কিছুক্ষণ পর সে নিখোঁজ হয়। পরিবারের খোঁজাখুঁজি ও প্রতিবেশীদের সহায়তায় তাকে পুকুরের পানিতে ভাসতে দেখা যায়। দ্রুত গাংনী হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডাক্তার তাসমেরী খাইরুন নাহার বলেন, "তিন বছর বয়সী শিশুকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছিল।" অপরদিকে, গাংনীর সাহেবনগর গ্রামের তালতলা মোড়ে মোটরসাইকেল দুর্ঘটনায় ১৭ বছরের রানা আক্কেদ মারা গেছেন। রানা বামন্দী ইউনিয়নের নিশিপুর গ্রামের হামিদুল ইসলামের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, বাড়ি ফেরার পথে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাঁঠাল গাছে ধাক্কা দেয়, এতে মোটরসাইকেল দুমড়ে-মুচড়ে যায়। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়েছে এবং আইনানুগ প্রক্রিয়া চলমান আছে।

## মেহেরপুরে জেলা বিএনপির
(প্রথম পৃষ্টার পর)

হিসেবে উপস্থিত ছিলেন বিএনপ্পির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের বিএনপির মনোনীত প্রার্থী মাসুদ অরুন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপ্পির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা তাতী দলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু সহ বিএনপির সকল অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। আলোচনা সভা শেষে বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি ও দীর্ঘায়ু জীবন কামনা করে দেশের কল্যাণে কাজ করার জন্য দোয়া পরিচালনা করেন মেহেরপুর বোসপাড়ার বায়তুল ফালাহ জামে মসজিদের ইমাম সিরাজুল ইসলাম।

## মেহেরপুরে রকেট অফিস থেকে ২৫
(প্রথম পৃষ্টার পর)

ডিএসআর পালিয়েছে। অভিযোগ করেছেন অফিসের হাউজ ম্যানেজার মোঃ আব্দুল হাবিব। হাউজ ম্যানেজার অভিযোগে জানান, ডিএসআর মোঃ আইয়ুব আলী (২১) মঙ্গলবার(২৫ নভেম্বর) সকাল ৯:০০ ঘটিকায় অফিসে উপস্থিত হন এবং সকাল ৯:৩০ মিনিটে কাজ শেষে বের হন। বিকেল ৫:০০ ঘটিকায় হিসাব দেওয়ার কথা থাকলেও আইয়ুব অফিসে ফেরেননি, এবং তার মোবাইলও বন্ধ পাওয়া যায়। তদন্তে জানা গেছে, আইয়ুব ওইদিন বিভিন্ন এসআর ও রিটেইলারের কাছ থেকে মোট ২৫,৯৬,০০০ টাকা সংগ্রহ করে আত্মগোপন করেছেন। ডাচবাংলা রকেট কোম্পানীর ডিস্ট্রিবিউটর ও নির্বাহী পরিচালক আসাদুজ্জামান সেলিম জানান, প্রাথমিকভাবে হাউজ ম্যানেজারকে ৫০ লাখ টাকা হস্তান্তর করা হয়েছিল। পরে বিকেলে প্রকাশ হয়, ডিএসআর ২৫ লাখ টাকা নিয়ে পালিয়েছে। তিনি আরও উল্লেখ করেন, হাউজ ম্যানেজারের আচরণও সন্দেহজনক মনে হচ্ছে। হাউজ ম্যানেজার এখনও বাকি ২৫ লাখ টাকার হিসাব অফিসকে বুঝিয়ে দেয়নি। আজকের মধ্যে বাকি ২৫ লাখ টাকার হিসাব যদি উন আজকের মধ্যে বুঝিয়ে না দেন তাহলে তার বিরুদ্ধেও আইনগত ব্যবস্থা নেওয়া হবে। মেহেরপুর সদর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে এবং বর্তমানে পুলিশ ও কোম্পানীর কর্মকর্তারা আইয়ুব আলীর খোঁজে তদন্ত চালাচ্ছেন।

## কড়াইল অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দাবি ও বাউলদের ওপর হামলার নিন্দা ফখরুলের

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর কড়াইল বস্তিতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য ক্ষতিপূরণ এবং সারাদেশে বাউলশিল্পীদের ওপর হামলার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, কড়াইলের অগ্নিকাণ্ডে কয়েক হাজার মানুষের জীবন বিপর্যস্ত হয়েছে, যা দরিদ্র জনগোষ্ঠীর ওপর এক ভয়াবহ আঘাত। বুধবার বিকেল সাড়ে তিনটায় ঠাকুরগাঁও জেলা বিএনপি কার্যালয়ের নতুন ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, "কড়াইল বস্তিতে বসবাসকারী মানুষগুলো অগ্নিকাণ্ডে নিঃস্ব হয়ে গেছে। সরকার যেন অবিলম্বে ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করে এবং সুষ্ঠু তদন্তের মাধ্যমে অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ উদঘাটন করে। কোনো ব্যক্তি দায়ী হলে তাকে আইনের আওতায় আনতেই হবে।" তিনি জানান, এ ঘটনাকে তিনি ষড়যন্ত্র হিসেবে দেখছেন না। তবে বিভিন্ন প্রতিষ্ঠান, বিশেষ করে গার্মেন্টস ও কারখানাগুলোতে অগ্নিনির্বাপণ ব্যবস্থার দুর্বলতা এবং আইন না মানার প্রবণতাই দেশে অধিকাংশ অগ্নিকাণ্ডের ঘটনার প্রধান কারণ হিসেবে চিহ্নিত। মির্জা ফখরুলের ভাষায়, "যদি যথাযথ অগ্নিনির্বাপণ ব্যবস্থা থাকত এবং আইন প্রয়োগ হতো, অনেক দুর্ঘটনাই এড়ানো যেত।"

বাউল শিল্পীদের ওপর সাম্প্রতিক হামলার ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে তিনি বলেন, "বাউলরা বাংলাদেশের আবহমান গ্রামীণ সংস্কৃতির ধারকুবাহক। তাদের ওপর হামলা উগ্র ধর্মীয় মনোভাবের বহিঃপ্রকাশ–এটি একেবারেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের হিংসা-প্রতিহিংসা কারো জন্যই শোভন নয়।"

## প্রশাসন নিয়ে বিতর্কিত মন্তব্য করা শাহজাহান চৌধুরীকে শোকজ

সূর্যোদয় প্রতিবেদন

প্রশাসনকে নিয়ে বিতর্কিত মন্তব্য করায় বাংলাদেশ জামায়াতে ইসলামী তাদের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য শাহজাহান চৌধুরীকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়েছে। সোমবার (২৪ নভেম্বর) সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার স্বাক্ষরিত এ নোটিশ মঙ্গলবার সন্ধ্যায় দলটির ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশ করা হয়। গত ২২ নভেম্বর অনুষ্ঠিত এক সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে শাহজাহান চৌধুরী বলেন– নির্বাচন শুধু জনগণ দিয়ে নয়; বরং যার যার নির্বাচনী এলাকায় প্রশাসনের যারা আছেন, তাদের সবাইকে আমাদের আন্ডারে নিয়ে আসতে হবে। আমাদের কথায় উঠবে, বসবে, গ্রেপ্তার করবে, মামলা করবে।" তার এই বক্তব্য সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়লে প্রশাসনিক মহলে নিন্দা, উদ্বেগ এবং কূটনৈতিক মহলের প্রতিক্রিয়াও আসে। শোকজ নোটিশে বলা হয়– রাষ্ট্রীয় প্রশাসনের নিরপেক্ষতা ও পেশাদারিত্ব নিয়ে এমন মন্তব্য দায়িত্বশীল রাজনৈতিক আচরণের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ। এ বক্তব্য দলীয় গঠনতন্ত্র, নীতি ও আদর্শের পরিপন্থী এবং সংগঠনের সুনাম ক্ষুণ্ন করেছে। নোটিশে আরও উল্লেখ করা হয়, শাহজাহান চৌধুরীকে এর আগে একাধিকবার সতর্ক করা হলেও তার আচরণে পরিবর্তন আসেনি। জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের নির্দেশে এ শোকজ নোটিশ দেওয়া হয়েছে। নোটিশে বলা হয়েছে– শাহজাহান চৌধুরীকে জানতে হবে, কেন তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে না। এ বিষয়ে ৭ দিনের মধ্যে লিখিত ব্যাখ্যা জমা দিতে হবে। সন্তোষজনক জবাব না পেলে দলীয় গঠনতন্ত্র ও শৃঙ্খলা বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে। বিতর্কিত মন্তব্যকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে আলোচনার পাশাপাশি প্রশাসন ও কূটনৈতিক মহলেও বিষয়টি ব্যাপক প্রতিক্রিয়া তৈরি করেছে।

## ঘরের মাঠে হোয়াইটওয়াশ ভারত, কোচ গৌতম গম্ভীরের ভবিষ্যৎ প্রশ্নের মুখে

সূর্যোদয় প্রতিবেদন

ঘরের মাঠে টানা ১৮টি টেস্ট সিরিজ জয় শেষে ভারতের অধিপতন ঘটেছে। নিউজিল্যান্ডের কাছে ৩০ হারের পর এবার দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ২-০ ব্যবধানে হোয়াইটওয়াশ হলো ভারত। কলকাতার টেস্টে ১২৪ রানের টার্গেট তাড়ায় ভারত ৯৩ রানে অলআউট হয়। গুয়াহাতির টেস্টে ৫৪৯ রানের বিশাল লক্ষ্য তাড়ায় ভারত হেরে যায় ৪১৮ রানের ব্যবধানে, যা ঘরের মাঠে এক নতুন রেকর্ড। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে টেস্ট সিরিজে এই হারের পর ভারতীয় দলের প্রধান কোচ গৌতম গম্ভীরের ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন উঠেছে। সংবাদ সম্মেলনে গম্ভীর বলেন, "এই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব বিসিসিআইয়ের। ভারতীয় ক্রিকেটই সবচেয়ে গুরুত্বপূর্ণ, আমি নই।" সমালোচকরা অভিযোগ করেছেন, গম্ভীর টেস্ট দলকে অস্থির করে তুলছেন। ঘরোয়া প্রথম শ্রেণির ক্রিকেটকে কম গুরুত্ব দিয়ে তিনি আইপিএলকে প্রাধান্য দিচ্ছেন। ব্যাটসম্যানদের ব্যাটিং অর্ডার বারবার পরিবর্তন এবং অলরাউন্ডারদের অতিরিক্ত ব্যবহার নিয়েও বিতর্ক রয়েছে। ভারতের সাবেক পেসার ভেঙ্কাটেশ প্রসাদ বলেন, "ভারতের টেস্ট ক্রিকেটের বর্তমান অবস্থা হতাশাজনক। অলরাউন্ডারের উপর নির্ভরতা অযৌক্তিক, বিশেষ করে যখন তাদের দিয়ে বোলিং করানো হয় না। দুর্বল কৌশল ও নেতিবাচক শারীরিক ভাষার কারণে ঘরের মাঠে টানা দুই সিরিজে হোয়াইটওয়াশ হয়েছে।" গম্ভীরের অধীনে ভারত এশিয়া কাপ এবং চ্যাম্পিয়নস ট্রফি জিতেছে। ইংল্যান্ডে তরুণ দল নিয়ে ২-২ ড্র করার কথাও তিনি স্মরণ করিয়েছেন। গম্ভীরের চুক্তি ২০২৭ ওয়ানডে বিশ্বকাপ পর্যন্ত। তিনি বলেন, "শীর্ষ আট ব্যাটসম্যানদের মধ্যে চার-পাঁচজনের টেস্ট অভিজ্ঞতা ১৫ ম্যাচের কম। ওদের সময় দেওয়া প্রয়োজন। প্রতিভা আছে, দক্ষতা আছে।" টি-টোয়েন্টি বিশ্বকাপের পর বিরাট কোহলি, রোহিত শর্মা এবং রবিচন্দ্রন অশ্বিন টেস্ট ক্রিকেট থেকে বিদায় নিয়েছেন। শুবমান গিলকে ইংল্যান্ড সিরিজের আগে টেস্ট অধিনায়ক করা হয়েছে। গম্ভীর বলেছেন, "আমি কখনো অজুহাত দিই না। আমাদের নতুনদের সময় দিতে হবে। আমি নিশ্চিত, তারা শিখছে, উন্নতি করবে এবং ভবিষ্যতে সাফল্য আনবে।" ঘরের মাঠে হোয়াইটওয়াশ এবং কৌশল নিয়ে বিতর্কের মধ্যে ভারতীয় ক্রিকেট সম্প্রদায়ের নজর এখন গম্ভীরের ভবিষ্যৎ ও দলীয় কৌশল এর দিকে।

## শামীম বাদ পড়ায় হতাশ অধিনায়ক লিটন কুমার দাস

সূর্যোদয় প্রতিবেদন

আগামীকাল বৃহস্পতিবার থেকে চট্টগ্রামে শুরু হচ্ছে বাংলাদেশ-আয়ারল্যান্ড তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ। এই সিরিজের দলে নেই জাতীয় দলের মিডলঅর্ডার ব্যাটসম্যান শামীম হোসেন পাটোয়ারি। শামীমকে দলে না রাখায় হতাশা প্রকাশ করেছেন বাংলাদেশ দলের অধিনায়ক লিটন কুমার দাস। বুধবার সংবাদ সম্মেলনে লিটন বলেন, "শামীম থাকলে অবশ্যই ভালো হতো। তবে এটা আমার কল নয়। পুরোপুরি নির্বাচকদের সিদ্ধান্ত। আমাকে নোটিশও দেওয়া হয়নি কেন তাকে বাদ দেওয়া হয়েছে তা জানি না।" লিটন আরও বলেন, "দীর্ঘদিন ধরে আমি ভাবতাম অধিনায়ক অন্তত জানে কোন খেলোয়াড় আসবে, কোন খেলোয়াড় বাদ যাবে। তবে এবার আমি শুধুমাত্র আমাকে দেওয়া দল নিয়েই কাজ করতে বলেছি। এটা হতাশাজনক। শামীম ২-৩টি সিরিজে অসাধারণ পারফরম্যান্স করেছে, যা আমাদের দলের জন্য দরকার ছিল। তাকে বাদ দেওয়া হয়নি জেনে আমি হতাশ।" তিনি উল্লেখ করেন, "আমি দলের ডিস্টার্ব বলব না, অপমানজনক বিষয়ও বলব না। তবে কোচ ও অধিনায়কের জানা থাকা উচিৎ ছিল। আমাকে যেটা দেওয়া হবে, সেই দল নিয়েই চেষ্টা করব। প্রত্যেক খেলোয়াড়ের কাছ থেকে প্রতিটি সিরিজে পারফরম্যান্স আশা করা সম্ভব নয়, তবে যারা ভালো পারফর্ম করবে, তাদেরকে অবশ্যই সুযোগ দেওয়া উচিত।" লিটনের এই মন্তব্যে স্পষ্ট যে, দলের প্রধান অধিনায়ক নির্বাচকের সিদ্ধান্তে অসন্তুষ্ট হলেও দলকে সফল করার চেষ্টা অব্যাহত রাখবেন।

## ৩০০ বছরের রেকর্ড বৃষ্টিতে থাইল্যান্ডে ভয়াবহ বন্যা, নিহত ৩৩

সূর্যোদয় প্রতিবেদন

থাইল্যান্ডে টানা বর্ষণে সৃষ্ট ভয়াবহ বন্যায় মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৩-এ। গত এক সপ্তাহে দক্ষিণাঞ্চলের ১০টি প্রদেশজুড়ে বিপর্যয়কর বৃষ্টিপাত বহু এলাকা জলমগ্ন করে দিয়েছে। দেশজুড়ে ২০ লাখের বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হলেও আশ্রয়কেন্দ্রে যেতে পেরেছেন মাত্র ১৩ হাজার জন। বিচ্ছিন্ন বহু এলাকায় এখনো পৌঁছায়নি পর্যাপ্ত ত্রাণ ও উদ্ধার সহায়তা–এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। দক্ষিণাঞ্চলের বাণিজ্যিক শহর হাতইয়াইতে পরিস্থিতি সবচেয়ে ভয়াবহ রূপ নিয়েছে। মালয়েশিয়া সীমান্তবর্তী এই শহরে একদিনেই রেকর্ড হয়েছে ৩৩৫ মিলিমিটার বৃষ্টিপাত–যা স্থানীয় কর্তৃপক্ষের দাবি অনুযায়ী গত ৩০০ বছরের মধ্যে সর্বোচ্চ। আকস্মিক বন্যায় শহরের সড়ক, দোকানপাট, বাসাবাড়ি ও যানবাহন ডুবে গেছে। বহু বাসিন্দা বাধ্য হয়ে ঘরের ছাদে আশ্রয় নিয়ে দিন কাটাচ্ছেন এবং উদ্ধারকারীদের অপেক্ষা করছেন। বন্যা পরিস্থিতি মোকাবিলায় থাই সেনাবাহিনী পূর্ণমাত্রায় কাজ শুরু করেছে। ত্রাণ তৎপরতা জোরদারে একটি বিমানবাহী রণতরিসহ ১৪টি নৌযান মোতায়েনের প্রস্তুতি চলছে। স্থলপথে পৌঁছানো কঠিন হওয়ায় নৌ ও আকাশপথে ত্রাণ পৌঁছানোর ওপর জোর দিচ্ছে সরকার।